

নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারা মোতাবেক
অর্থক্ষণ জারী মোকদ্দমা নং-১১৭/২০১৬

উত্তরা ব্যাংক লিঃ, টিপসুলতান রোড শাখা, ঢাকা। ----- ডিক্রীদার।

বনাম

- (১) মেসার্স শাহানাজ এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর- মোঃ মামুনুর রহমান, সাং-৫৩/এ/১, সিদ্দিক বাজার, জি.পি.ও, থানা-বংশাল, জেলা-ঢাকা।
- (২) মোঃ মামুনুর রহমান, পিতা-মোঃ মাহবুবুর রহমান, সাং-২০, টিপসুলতান রোড, ৪র্থ তলা, থানা-ওয়ারী, জেলা-ঢাকা, হালে প্রেমা নিবাস, ৬৪, যোগীনগর, ফ্ল্যাট নং-ই-৪, ৬ষ্ঠ তলা, ওয়ারী, ঢাকা।
- (৩) মিসেস শাহানাজ রহমান, স্বামী-মোঃ মাহবুবুর রহমান, সাং-২০, টিপসুলতান রোড, ৪র্থ তলা, থানা-ওয়ারী, জেলা-ঢাকা, হালে প্রেমা নিবাস, ৬৪, যোগীনগর, ফ্ল্যাট নং-ই-৪, ৬ষ্ঠ তলা, ওয়ারী, ঢাকা। ----- দায়িকগণ।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দায়িকগণের নিকট থেকে ডিক্রীদার ব্যাংকের বিগত ০৮/০৮/২০১৬ ইং তারিখ পর্যন্ত ৫,৪৮,৯২৯.৪১ (পাঁচ লক্ষ আটচল্লিশ হাজার নয়শত উনত্রিশ টাকা একচল্লিশ পয়সা) টাকা আদায়ের লক্ষ্যে দায়িক পক্ষ কর্তৃক বন্ধককৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি আগামী ১১/০১/১৮ইং তারিখ নিম্নরূপ শর্ত সাপেক্ষে নিলামে বিক্রী করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

নিলামের শর্তাবলী :

- ১। আগামী ১১/০১/১৮ইং তারিখে বেলা ২:০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিস্ট্রী ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহণের ব্যস্তে নিলাম দরপত্র দাখিল করতে হবে।
- ২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর “সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র” লিখে দাখিল করতে হবে।
- ৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হইবে।
- ৪। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ অর্থক্ষণ আদালত নং-৪, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৫। দরদাতা অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে বার্ষ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- ৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ১১/০১/১৮ইং তারিখ বিকেল ২:০০ ঘটিকায় দরপত্র বাস্তব খোলা হবে।
- ৭। দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক, কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ক্রটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৮। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করতে পারবেন।
- ৯। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।
- ১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

স্থাবর সম্পত্তির তফসিল

(মটগেজকৃত সম্পত্তির বিবরণ)

জিলা-ঢাকা, থানা-কোতয়ালী, সাব-রেজিস্ট্রী অফিস-ঢাকা সদর, মৌজা-শহর ঢাকা, জে.এল. নং-১, খতিয়ান নং সি.এস-১৭০৫০, এস.এ-৪৫৮৯, আর.এস-২৪৫২, সিটি জরিপ-৬১৭০, ৬৭৬৪, মিউটেশন-২৪৫২, দাগ নং সি.এস-১১৫, এস.এ-৮৭১৭, ৮৭১৮, আর.এস-১৩৭৬২, সিটি জরিপ-৬২৪৬, ৬২৪৭, ৬২৪৯, ভূমির পরিমাণ .৭৫৭ কাঠা বা ১,২৫ শতাংশ এবং উহার উপস্থিত ২ (দুই) তলা দালান। যাহার চৌহদ্দি উত্তরে-আরজু মিয়া, দক্ষিণে-আব্দুল হাকিম গং তৎপর রাস্তা, পূর্বে-মোঃ আরমান মিয়া, পশ্চিমে-মোঃ কামাল উদ্দিন।

আদেশক্রমে

সেরেস্তাদার

অর্থক্ষণ আদালত নং-৪, ঢাকা।